# ২০২৩

# বাংলা

## (অনার্স)

## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

## পঞ্চম সেমেস্টার

## কোর্স কোড : BNGH-CC-T-12

## (নাটকের রূপভেদ, বঙ্গরঙ্গমঞ্চ ও বাংলা নাটক)

## [ নতুন পাঠক্রম ]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) কমেডির সংজ্ঞা দাও।

খ) ট্রাজেডি শব্দটির উৎস নির্দেশ করো।

গ) সামাজিক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঘ) শ্রেষ্ঠ পৌরাণিক নাট্যকারের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

ঙ) প্রহসন শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ লেখো। এর ইংরেজি পরিভাষা কী?

চ) একাঙ্ক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

ছ) বেলগাছিয়া নাট্যশালার সঙ্গে মধুসূদন দত্তের প্রথম যোগাযোগ কীভাবে ঘটে?

জ) কোন্ নাটকের অভিনয়ের মাধ্যমে ন্যাশনাল থিয়েটারের যাত্রা শুরু হয় এবং কবে?

ঝ) বেঙ্গলী থিয়েটারে অভিনীত দুটি নাটকের নাম করো।

ঞ) 'মুই আজাদের দলে'—বক্তার এমন মন্তব্যের তাৎপর্য বুঝিয়ে দাও।

*[পরপৃষ্ঠায়]*

ট) 'তেরোনাল ফিরতি থাকে'—'তেরোনাল' শব্দের অর্থ কী? এই সংলাপটি কার?

ঠ) 'নীলদর্পণ' নাটকের প্রথম প্রকাশকালে নাট্যকারের নামের পরিবর্তে কী লেখা ছিল?

ড) 'রথের রশি' নাটকের প্রথম সংলাপটি কার? তার প্রথম বাক্যটি লেখো।

ঢ) রথের রশি তথা দড়ি-প্রভুকে প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া কী কী বস্তুর সঙ্গে তুলনা করছে?

ণ) 'এও দেখতে হল চোখে!'—বক্তা কে? তাকে কী দেখতে হলো?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) রূপক ও সাংকেতিক নাটকের তুলনামূলক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) মেলোড্রামার সংজ্ঞা দাও। মেলোড্রামার বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ২+৩

গ) বাংলা থিয়েটারের ইতিহাসে নবীন বসুর থিয়েটারের অবদান কতটা তা সংক্ষেপে উল্লেখ করো।

ঘ) 'নীলদর্পণ' নাটকে ক্ষেত্রমণির ওপর রোগ সাহেবের নির্যাতন দৃশ্যটির নাট্য তাৎপর্য ব্যাখ্যা করো।

ঙ) 'নীলদর্পণ' নাটকে সংগীতের পরিবর্তে ছড়া ব্যবহারের প্রাসঙ্গিকতা বিচার করো।

চ) 'রথে আছেন যিনি তিনিই সামলাবেন'—সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে জোড়াসাঁকো নাট্যশালার অবদান ব্যাখ্যা করো।

খ) ঐতিহাসিক নাটক কাকে বলে? ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যগুলি উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে ব্যাখ্যা করো। ২+৮

গ) 'রথের রশি' নাটক অবলম্বনে সমাজ বদলের ইতিহাস কীভাবে বিধৃত হয়েছে দেখাও।

ঘ) ভদ্রেতর চরিত্র সৃষ্টিতে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব ব্যাখ্যা করো।

---